দর্শনায় বাবু খানের পক্ষে গণসংযোগ ও লিফলেট বিতরণ

চুয়াডাঙ্গা-২ আসনের আসন্ন নির্বাচনকে সামনে রেখে দর্শনায় ধানের শীষ মার্কায় বাবু খানের পক্ষে গণসংযোগ ও বিএনপির ৩১ দফা বাস্তবায়নে লিফলেট বিতরণ অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকাল থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত দর্শনা পৌর এলাকার ২ নং ওয়ার্ড, দক্ষিনচাঁদপুর বাসস্ট্যান্ডে এ গণসংযোগ ও লিফলেট বিতরণ করা হয়।

এ নির্বাচনী প্রচারণায় দর্শনা পৌর বিএনপির অন্যতম সমন্বয়ক, এনামুল হক শাহ মুকুলের নেতৃত্বে দলের নেতাকর্মীরা ঐক্যবদ্ধভাবে কাজ করছেন। এনামুল হক শাহ মুকুল বলেন, “চুয়াডাঙ্গা-২ আসনে জননেতা মাহমুদ হাসান খান বাবু ভাইকে ধানের শীষ প্রতীকে নির্বাচিত করলে স্বাধীনতার পরবর্তি অবহেলিত এ অঞ্চলে সামনের বাংলাদেশ গড়ে উঠবে এবং এলাকায় উন্নয়নের জোয়ার উঠবে। এই চুয়াডাঙ্গা-২ এলাকা আশপাশের জেলার মধ্যে অন্যতম উন্নত এলাকা হয়ে উঠবে। আগামী নির্বাচনে বিএনপি সরকার গঠন করলে দেশে সৃষ্টি হবে উন্নয়নের নবদিগন্ত। তাই সবাই আসুন দলে, দলে, বিএনপির পতাকা তলে।”

এছাড়াও উপস্থিত ছিলেন দর্শনা পৌর বিএনপি সমন্বয়ক ইকবাল হোসেন, দর্শনা পৌর বিএনপি সমন্বয়ক মালেক মন্ডল এবং দর্শনা পৌর বিএনপি ও অঙ্গসংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ।

দর্শনায় বাবু খানের পক্ষে গণসংযোগ ও লিফলেট বিতরণ

চুয়াডাঙ্গা-২ আসনের আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে দর্শনায় ধানের শীষ প্রতীকে বাবু খানের পক্ষে গণসংযোগ ও বিএনপির ৩১ দফা বাস্তবায়নে লিফলেট বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকেল সাড়ে ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত দর্শনা

পৌরসভার ৪নং ওয়ার্ডের শান্তিপাড়া এলাকায় এ গণসংযোগ ও লিফলেট বিতরণ করা হয়।

এ নির্বাচনী প্রচারণায় দর্শনা পৌর বিএনপির অন্যতম সমন্বয়ক আলহাজ্ মোঃ মশিউর রহমানের নেতৃত্বে নেতাকর্মীরা ঐক্যবদ্ধ হয়ে কাজ করছেন।

গণসংযোগকালে মশিউর রহমান বলেন, চুয়াডাঙ্গা-২ আসনে জননেতা মাহমুদ হাসান খান বাবু ভাইকে ধানের শীষ প্রতীকে নির্বাচিত করতে পারলে স্বাধীনতার পরবর্তী অবহেলিত এ অঞ্চলে শুরু হবে উন্নয়নের জোয়ার। চুয়াডাঙ্গা-২ এলাকা হয়ে উঠবে আশপাশের জেলার মধ্যে অন্যতম উন্নত এলাকা। আগামী নির্বাচনে বিএনপি সরকার গঠন করলে দেশে সূচিত হবে উন্নয়নের নতুন দিগন্ত। তাই সবাই আসুন, বিএনপির পতাকার নিচে ঐক্যবদ্ধ হই।

এ সময় উপস্থিত ছিলেন দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটির সদস্য মাহবুবুল ইসলাম খোকন, রেজাউল ইসলাম; বিএনপি নেতা হাবিবুল্লাহ বিশ্বাস, দর্শনা থানা যুবদলের যুগ্ম আহ্বায়ক মোর্শেদুর রহমান লিংকন, মোস্তাফিজুর রহমান মোহন, আল মুকিত, যুবদল নেতা মোমিনুল ইসলাম, সাব্বির রহমান, দর্শনা পৌর ছাত্রদলের আহ্বায়ক আফরাত হোসেন;

দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের সদস্যসচিব পলাশ আহমেদ, যুগ্ম আহ্বায়ক মোফাজ্জেল হোসেন মোফা, দর্শনা ডিএস মাদরাসা ছাত্রদলের সভাপতি খন্দকার শাহাব উদ্দিন, ছাত্রদল নেতা আকাশ, ফয়সালসহ অন্যান্য নেতাকর্মী।

অন্যদিকে, দশর্না পুরাতন বাজার থেকে দশর্না পৌর বিএনপির সিনিয়র সহসভাপতি ও প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট এবং মোমিনুলের নেতৃত্বে একটি টিম শহরের অলিগলি ঘুরে ভোট প্রার্থনা করেছেন। এ সময় তারা মাহমুদ হাসান খান বাবুর ছবি এবং ধানের শীষ প্রতীকের লিফলেট বিতরণ করেন।

দর্শনা রেলবাজার দোকান মালিক সমিতির মতবিনিময় ও পরিচিতি সভা

দর্শনা রেলবাজার কাঁচাবাজার পট্টিতে রেলবাজার সমবায় সমিতির আয়োজনে নবনির্বাচিত সদস্যদের নিয়ে মতবিনিময় ও পরিচিত সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সন্ধ্যা ৬টায় অনুষ্ঠিত এ সভায় উপস্থিত ছিলেন সমিতির নবনির্বাচিত নেতৃবৃন্দসহ ব্যবসায়ী সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ।

সভায় সভাপতিত্ব করেন রেলবাজার সমবায় সমিতির সভাপতি জাহিদুল ইসলাম।

নির্বাচন পরিচালনা কমিটির প্রধান, সাবেক অধ্যক্ষ আজিজুল ইসলাম তার বক্তব্যে বলেন, আপনাদের সহযোগিতা, আন্তরিকতা ও সহমর্মিতার কারণেই একটি সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন উপহার দিতে সক্ষম হয়েছি। বিজয়ী ও পরাজিত সকলের মিলেমিশে কাজ করার এই উদারতা বাজারের উন্নয়নকে আরও এগিয়ে নেবে।

বক্তব্য রাখেন নির্বাচন কমিশনার জাহিদুল ইসলাম। তিনি নবাগত সদস্যদের উদ্দেশে বলেন, আপনারা দায়িত্ব ও বিশ্বাস নিয়ে কাজ করবেন, আমরা আপনাদের পাশে আছি। তবে কেউ যদি ক্ষমতার অপব্যবহার করেন, তাহলে বাজারের সামগ্রিক স্বার্থে কঠোর সিদ্ধান্ত নিতে বাধ্য হব। তিনি শৃঙ্খলা, স্বচ্ছতা ও ব্যবসায়ীদের কল্যাণে সৎভাবে কাজ করার আহ্বান জানান।

এছাড়াও বক্তব্য দেন পরাজিত সাধারণ সম্পাদক প্রার্থী লিওন রাসেল, পরাজিত সভাপতি প্রার্থী জুয়েল হোসেন, নবাগত সাধারণ সম্পাদক রতন হোসেন ও নবাগত সভাপতি তোফাজ্জল হোসেন।

বক্তারা সবাই বাজারের উন্নয়ন, ব্যবসায়ীদের অধিকার রক্ষা ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার লক্ষ্যে একসঙ্গে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। তারা বলেন, ব্যক্তিগত প্রতিযোগিতা শেষ, এখন সময় বাজারের স্বার্থে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার।

সভায় আরও উপস্থিত ছিলেন রেলবাজার দোকান মালিক সমিতির নবাগত সদস্যরা এবং রেলবাজার এলাকার বিভিন্ন শ্রেণি-পেশার ব্যবসায়ী।

মতবিনিময় সভা ব্যবসায়ীদের মধ্যে নতুন উদ্দীপনা ও ঐক্যের বার্তা নিয়ে শেষ হয়।

দর্শনায় হরিজন সম্প্রদায়ের সাথে বিএনপির নির্বাচনী মতবিনিময় সভা

দর্শনার আমতলা এলাকায় হরিজন সম্প্রদায়ের সঙ্গে বিএনপির নির্বাচনী মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সন্ধ্যা ৬টার দিকে এ সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক মাহবুবুল ইসলাম খোকনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন দর্শনা পৌর বিএনপির অন্যতম সমন্বয়ক মশিউর রহমান।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আপনারা ধানের শীষ প্রতীকে ভোট দিলে হরিজন সম্প্রদায়ের জন্য আরও ভালো ব্যবস্থা ও সুযোগ সৃষ্টি করা হবে। বাংলাদেশ একটি সম্প্রীতির দেশ এ দেশে হিন্দু- মুসলমানসহ সব জাতি-ধর্মের মানুষ মিলেমিশে বসবাস করে আসছে। অতীতেও বাংলাদেশ জাতীয়তাবাদী দল হরিজন সম্প্রদায়ের পাশে ছিল, ভবিষ্যতেও আমরা আপনাদের জন্য কাজ করে যাব।

সভায় আরও উপস্থিত ছিলেন দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক রেজাউল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা হাফিজুল মোল্লা, বিএনপি নেতা হাবিবুল্লা বিশ্বাস, সাবেক সেনা সদস্য আব্দুল হামিদ, দর্শনা পৌর যুবদলের সদস্য সচিব জালাল উদ্দীন, ছাত্রনেতা মোফা আরিফসহ বিএনপির বিভিন্ন অঙ্গসংগঠনের নেতাকর্মী।

হরিজন সম্প্রদায়ের পক্ষ থেকে রংনাল, ভুইফোড়সহ অনেকে উপস্থিত ছিলেন।

দর্শনায় পৌর জামায়াতের উদ্যোগে যুবকদের নিয়ে মতবিনিময় সভা

দর্শনা পৌর শাখা জামায়াতের উদ্যোগে যুবকদের নিয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বেলা দুইটার দিকে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের আমির ও চুয়াডাঙ্গা-২ আসনের এমপি প্রার্থী মোঃ রুহুল আমিন। তিনি বলেন, যুবকরাই দেশের ভবিষ্যৎ নেতৃত্ব। দেশের উন্নয়ন ও সমৃদ্ধির জন্য যুব সমাজকে এগিয়ে আসতে হবে। যুবকদের কার্যক্রমের গতি বৃদ্ধি পেলে সমাজ থেকে দুর্নীতি ও অপরাধ কমে যাবে। সুন্দর ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে যুব সমাজ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

তিনি সবাইকে দেশ গঠনে ইতিবাচক ভূমিকা রাখার আহ্বান জানান।

এ সময় আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের জেলা সভাপতি সাগর আহমেদ, দর্শনা থানা শাখার সহকারী সেক্রেটারি জাহিদুল ইসলাম, দর্শনা পৌর শাখার আমির সাইফুল আলম অপু এবং পৌর যুব বিভাগের সভাপতি তানজিল।

মতবিনিময় সভাটি যুবকদের মধ্যে উৎসাহ ও অনুপ্রেরণা সৃষ্টি করে সফলভাবে সম্পন্ন হয়।

দর্শনা কেরুজ আধুনিকায়ন

প্রকল্পের বয়লিং হাউজের স্লো ফায়ারিংয়ের উদ্ধোধন

বাংলাদেশের সবচেয়ে বড় চিনিকল হলো দর্শনা কেরুজ চিনিকল। এ বড় চিনিকলের নতুন আধুনিকায়ন প্রকল্পের ২০২৫-২৬ মাড়াই মৌসুমের ১০২ কোটি ২১ লাখ টাকার কাজের নতুন বয়লিং হাউজের স্লো ফায়ারিংয়ের শুভ উদ্ধোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বেলা ৩ টার দিকে দর্শনা কেরুজ চিনিকলের নতুন বয়লিং হাউজের ফ্যাক্টরির ভিতরে দোয়া মাহফিল ও বয়লিং হাউজের আগুন নিক্ষেপের মাধ্যমে উদ্ধোধনী অনুষ্ঠিত হয়।

এ দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কেরু এ্যান্ড কোম্পানীর সুযোগ্য ব্যাবস্থাপনা পরিচালক মীর রাব্বিক হাসান। এ সময় তিনি বলেন, ১৯৩৮ সাল থেকে মিলটি একই ভাবে চলছে। তবে মিলটি ইতিমধ্যে বিএমআর আইয়ের কাজ চলছে। তাই বয়লিং হাউজ মিলের একটি গুরুত্বপুর্ন জায়গা। সেজন্য আমরা পরিক্ষা মূলকভাবে ১৫/২০ দিন আগে দেখে নিই কোন সমস্যা আছে কিনা। যদি সমস্য থাকে তাহলে আমরা দ্রুত সারিয়ে তুলতে পারবো। ইতিমধ্যে আমাদের বিএম আর আই প্রকল্পের দ্বীতীয় ধাপের কাজ প্রায় শেষ প্রান্তে। তাই এ বছরই নতুন বয়লিং হাউজে আখ মাড়াই করতে সক্ষম হবো বলে আশা করছি।

এ বয়লিং হাউজটি চালু হলে বাংলাদেশ সরকার লাভবান হবে বলে তিনি মন্তব্য করেন। ২০১২ সালের কাজ ২ বছরে শেষ হওয়ার কথা থাকলেও বিভিন্ন জটিলতায় ১৩ বছর লেগে গেছে। তাই নতুন করে বি এম টি এফ প্রকল্পের দায়িত্ব দেওয়া হয়েছে। এ প্রকল্পটি ইতিমধ্যেই কাজ করে ফেলেছে। তাই আশা করছি আগামী ৫ ডিসেম্বর ২০২৫-২৬ মাড়ই মৌসুমের নতুন বয়লিং হাউজ দিয়ে মড়াই যাত্রা শুরু করতে পারবো বলে আশা করছি।

এ সময় আরও উপস্থিত ছিলেন, বিএম আর প্রকল্পের পিডি ফিদা হোসেন বাদশা, বি এম টি এফের ডাইরেক্টর ম্যানেজার বেলায়েত হোসেন, দর্শনা কেরুজ চিনিকলের মহাব্যাবস্থাপক সুমন কুমার সাহা (কারখানা), আশরাফুল আলম ভৃূইয়া (কৃষি), মীর্জা গালিব (এডিএম), ইসমাইল হোসেন মোল্লা (যন্ত্রাশং)। অনুষ্টানে দোয়া পরিচালনা করেন, কেরু জামে মসজিদের পেশ ইমাম সামসুজোহা আজাদী। উল্লেখ্য

থাকে যে, দুই বছর সময় বেঁধে দিয়ে ২০১২ সালে ‘বিএমআর অব কেরু অ্যান্ড কোং (বিডি) লিমিটেড’ নামে প্রকল্পটির অনুমোদন দেন ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

অনেক পুরোনো এই চিনিকলটির আধুনিকায়ন এবং আখ মাড়াই ও চিনি উৎপাদন যন্ত্রপাতি প্রতিস্থাপনের লক্ষ্যে তখন খরচ ধরা হয়েছিল ৪৬ কোটি টাকা। কিন্তু সে সময়ে তো হয়নি বরং একবার নয়, দুইবার নয় সাতবার সংশোধন করে সময় বাড়ানো হয় ২০২৫ সালের জুন্ পর্যন্ত। খরচ দ্বিগুণেরও বেশি বেড়ে দাড়িয়েছে ১০২ কোটি টাকায়। তারপরও ১৪ বছরে শেষ হয়নি প্রকল্পটির কাজ। তাই বাকি কাজ শেষ করতে শিল্প মন্ত্রণালয় থেকে সময় বাড়ানোর প্রস্তাব করা হলে সম্প্রতি একনেক সভায় অনুমোদন দেওয়া হয়। ২০২৬ সালের জুনে পুরো কাজ শেষ করতে নির্দেশ দেওয়া হয়েছে।

গত ১৭ আগস্ট জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় অষ্টমবারের মতো সংশোধনের অনুমোদন দেওয়া হয়। প্রকল্পটি বাস্তবায়ন করছে বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প করপোরেশন (বিএসএফআইসি)। তাই দ্বিতীয় ধাপে প্রকল্পটি চেন্জ করা হয়েছে গত ৪ নভেম্বর।

দর্শনায় নবম পে-স্কেল বাস্তবায়নের দাবিতে রেল কর্মকর্তা-কর্মচারীদের মানববন্ধন

চুয়াডাঙ্গার দর্শনায় নবম পে-স্কেল বাস্তবায়নের দাবিতে রেল কর্মকর্তা-কর্মচারীরা মানববন্ধন করেছেন।

আজ বৃহস্পতিবার সকাল ১০টায় দর্শনা আন্তর্জাতিক রেল স্টেশনে বৈষম্য নিরসনপূর্বক পে-স্কেল বাস্তবায়নের দাবিতে বাংলাদেশ রেলওয়ের দর্শনাতে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীরা এ

মানববন্ধনে অংশ নেন।

জানা গেছে, নবম পে-স্কেল বাস্তবায়নে ‘প্রহসন’ চলছে অভিযোগ করে এবং ১৫ ডিসেম্বর ২০২৫ এর মধ্যে বৈষম্য দূর করে পে-স্কেল বাস্তবায়নের দাবিতে তারা এ বিক্ষোভ ও মানববন্ধন করেন।

দাবিসমূহ হলো, নবম পে-স্কেল ২০২৫ দ্রুত বাস্তবায়ন ও গেজেট আকারে প্রকাশ করা, গ্রেডভিত্তিক বৈষম্য দূর করা ও কর্মচারীদের ন্যায্য বেতন প্রদান, ১৫ ডিসেম্বরের মধ্যে দাবি মানা না হলে কঠোর আন্দোলনের ডাক ও রেলওয়ের নিয়োগবিধি-২০২০ দ্রুত সংশোধন করে পদোন্নতি বঞ্চিতদের পদোন্নতি প্রদান এবং সব শূন্য পদে অতিসত্ত্বর নিয়োগ দেওয়া।

মোঃ মশিউর রহমানের সভাপতিত্বে ও নূর হোসেন বকুলের সঞ্চালনায় অনুষ্ঠিত মানববন্ধনে আন্দোলনরত কর্মকর্তারা তাদের দাবি তুলে ধরেন এবং দ্রুত বাস্তবায়নের জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করেন। একই সঙ্গে আগামী ১৫ ডিসেম্বরের মধ্যে বৈষম্য দূর না হলে কঠোর কর্মসূচির হুঁশিয়ারি দেন।

এ সময় মানববন্ধনে সংহতি প্রকাশ করেন দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটির অন্যতম সদস্য নাহারুল ইসলাম মাস্টার। এছাড়া উপস্থিত থেকে বক্তব্য দেন মোঃ রাশেদ ইকবাল, মোঃ আশিকুর রহমান, আলমাস আলী আরিফ, তারুণ হোসেন, তৌহিদুল ইসলাম, ফয়সাল আহমেদ, সাদ্দাম হোসেন, টিপু সুলতান, শাহীন আলমসহ আরও অনেকে।

দর্শনায় বাবু খানের পক্ষে গণসংযোগ ও লিফলেট বিতরণ

চুয়াডাঙ্গা-২ আসনের আসন্ন নির্বাচনকে সামনে রেখে দর্শনায় ধানের শীষ মার্কায় বাবু খানের পক্ষে গণসংযোগ ও বিএনপির ৩১ দফা বাস্তবায়নে লিফলেট বিতরণ অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত দর্শনা পৌর এলাকার ৮নং ওয়ার্ড শ্যামপুর গ্রামে এ নির্বাচনী প্রচারণা ও লিফলেট বিতরণ করা হয়।

এ নির্বাচনী প্রচারণায় দর্শনা পৌর বিএনপির অন্যতম সমন্বয়ক আলহাজ্ব মোঃ মশিউর রহমানের নেতৃত্বে উপস্থিত ছিলেন দর্শনা থানা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক আব্দুল মুকিত, ছাত্রনেতা আব্দুর রহিম মুন্না, সুজন, দর্শনা কলেজ ছাত্রদলের সদস্য সচিব পলাশ আহমেদ, ছাত্রদল নেতা রাজ, ডাবলু, রকি, পলাশ প্রমুখ।

চুয়াডাঙ্গা-২ আসনে জননেতা মাহমুদ হাসান খান বাবু ভাইকে ধানের শীষ প্রতীকে নির্বাচিত করলে স্বাধীনতার পরবর্তী অবহেলিত এ অঞ্চলে সামনের বাংলাদেশ গড়ে উঠে এলাকায় উন্নয়নের জোয়ার উঠবে। এই চুয়াডাঙ্গা-২ এলাকা হয়ে উঠবে আশপাশের জেলার মধ্যে অন্যতম একটি এলাকা। আগামী নির্বাচনে বিএনপি সরকার গঠন করলে এ দেশে সৃষ্টি হবে উন্নয়নের নবদিগন্ত। তাই সবাই আসুন দলে দলে বিএনপির পতাকা তলে।

উপরোক্ত কথাগুলো ভোটারদের মাঝে বলে, কেন্দ্রীয় বিএনপির উপ-কোষাধ্যক্ষ ও চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি এবং চুয়াডাঙ্গা-২ আসনের বিএনপি মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী মাহমুদ হাসান খান বাবুর পক্ষে নির্বাচনী গণসংযোগ ও লিফলেট বিতরণ করা হয়েছে বলে জানা গেছে।

দর্শনায় বিএনপিকর্মীর ট্রাকে আগুন দিয়েছে দুর্বৃত্তরা

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন দর্শনা পুরাতন বাজার সংলগ্ন হাজী আব্দুল কাদেরের আড়তে সামনে পার্কিং করা বিএনপির কর্মী জাহিদ মিয়ার ট্রাকে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। মঙ্গলবার দিবাগত রাত আনুমানিক আড়াইটার দিকে এই ঘটনা ঘটে।

পুলিশও এলাকাবাসী সূত্রে জানা যায়, বুধবার গভীর রাতে দর্শনা হতে মুজিবনগর মহাসড়কের পাশে দর্শনা পুরাতন বাজার সংলগ্ন হাজী আব্দুল কাদের ভূসিমালের আড়তে সামনে পার্কিং করা ট্রাক যার নম্বর (চুয়াডাঙ্গা- ট-১১-০৫৯৮) আগুন লাগিয়ে দুরবিত্তরা পালিয়ে যায়।

খবর পেয়ে দর্শনা থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ফায়ার সার্ভিসে খবর

দেয়। খবর পেয়ে ফায়ার সার্ভিসের দুইটি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে।

ট্রাক মালিক ও বিএনপির কর্মী জাহিদ মিয়া জানান, গত মঙ্গলবার সন্ধ্যায় তার ট্রাকচালক আব্দুল হাকিম ট্রাকটি দর্শনা পুরাতন বাজার সংলগ্ন আব্দুল কাদেরের আড়তে সামনে পার্কিং করে রেখে বাড়ি চলে যায়। এরপর গভীর রাতে কে বা কাহারা ট্রাকটিতে আগুন দিয়ে পালিয়ে যায়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে দেখি তৎক্ষণিক ট্রাকটি অধিকাংশ পুড়ে গেছে।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি তদন্ত) সুলতান মাহমুদ ঘটনা সত্যতা নিশ্চিত করে জানান, ট্রাকমালিক জাহিদ মিয়া বাদী হয়ে দর্শন থানায় একটি মামলা দায়ের করেছেন। আসামিদের ধরতে পুলিশি অভিযান অব্যাহত রয়েছে। দুষ্কৃতিকারীদের অবিলম্বে গ্রেপ্তার করে আইনের আওতায় আনা হবে বলেও তিনি জানান।

দর্শনায় দারুস সালাম ক্যাডেট মাদরাসায় অভিভাবক সমাবেশ ও প্রদর্শনী

চুয়াডাঙ্গার দারুস সালাম ক্যাডেট মাদরাসায় অভিভাবক সমাবেশ ও প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বেলা ১১টার দিকে দর্শনা সরকারি ফুড গুদামের পাশে মাদরাসা প্রাঙ্গণে অভিভাবক সমাবেশ, হাতের লেখা, গজল, হাদিস, সূরা ও জানাজা নামাজ প্রদর্শনী এবং ২য় পর্বে রাতে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

১ম পর্বের অভিভাবক সমাবেশ ও প্রদর্শনী অনুষ্ঠানে প্রতিষ্ঠানের পরিচালক হাফেজ মাওলানা ফরহাদের সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত থেকে আলোচনা করেন দর্শনা পৌর ইমাম কমিটির সাবেক সভাপতি ও পুরাতন বাজার জামে মসজিদের পেশ ইমাম মাওলানা মো. নুরুল ইসলাম এবং দর্শনা ডি.এস. ফাজিল ডিগ্রি মাদরাসার শিক্ষক মো. আবু জাফর।